শিশু জগৎ

বিন্দুগুলি যুক্ত করো



সুডোকু মেলাও বুদ্ধি বাড়াও

5	9				2	4	7	
			1	3				
6					5			
						7	3	5
	5	4				1	9	
3	7	1						
			9					6
				1	6			
	8	6	2				4	9

গতকালের সমাধান

1	6	9	7	2	4	8	5	3
2	5	4	8	3	9	1	7	6
7	3	8	6	1	5	2	4	9
6	4	5	2	7	8	9	3	1
9	2	3	1	4	6	5	8	7
8	7	1	5	9	3	4	6	2
3	8	2	4	6	1	7	9	5
5	9	7	3	8	2	6	1	4
4	1	6	9	5	7	3	2	8

— সমাধানের নিয়ম —

এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

আবহাওয়া

পূর্বাভাস: শুক্রবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ৩২ ডিগ্রি ও ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** বৃহস্পতিবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ৩২ ডিগ্রি ও ২৬ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৮০ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ৪।৫৫, **সূর্যাস্ত:** ঘ ৬।২৫। **জোয়ার:** বিকাল ৫.৫৩। **ভাটা:** সকাল ১.০৮।

সোনা-রুপোর বাজার দর

	টাকা
পাকা সোনা (১০ গ্রাম):	২৯,২৯৫
গহনা সোনা (১০ গ্রাম):	২৭,৭৯৫
হলমার্ক গহনা: (২২ ক্যারেট ১০ গ্রাম):	২৮,২১০
রুপোর বাট (প্রতি কেজি):	৪০,১০০
খুচরো রুপো (প্রতি কেজি):	৪০,২০০

সৌজন্যে: পশ্চিমবঙ্গ বুলিয়ান মার্চেন্টস অ্যান্ড জুয়েলার্স অ্যাসোসিয়েশন বাজার দর (মূল্যযুক্ত কর আলাদা)।

মুদ্রা বিনিময় হার

RBI REFERENCE RATE

INR / 1 USD	:	64.4715
INR / 1 Euro	:	73.5233
INR / 100 Jap. YEN	:	57.4000
INR /1 Pound Sterling	:	83.5615

শেয়ার সূচক

BSE	30,857.52▲	+23.20
NIFTY	9,504.10▲	+12.85

শব্দলিপি- ৯৩২



অসীম মায়া

পাশাপাশি ঃ ১। বস্ত্রাদির নকশাবিশেষ ৩। অরণ্য ৫। রাখালশশা ৭। প্রণয়ের ঝগড়া ৮। নিজের লোহক ৯। দুর্ভিক্ষ ১১। রঞ্জিতা ১২। ভাঁজহীন

উপরনীচ ঃ ১। ইসলাম ধর্মের ইষ্টমন্ত্র ২। কজ্জল ৩। অসরল চিত্ত ৪। অলংকারে গুণবতী ও নম্রা নারী ৬। আজ্ঞাবাহক প্রতিনিধি ৭। কার্মোন্মাদ ৯। পানতা ভাতের জল ১০। চিনা ফলবিশেষ

সমাধান ঃ শব্দলিপি - ৯৩১

পাশাপাশি ঃ ১। উকিল ৫। নরম ৬। আকবর ৭। দাবনা ৯। কুরল ১০। ভয়হারা ১২। কাকলি ১৩। সাত্ত্বিক

উপরনীচ ঃ ১। উলুক ২। লম্বরদার ৩। আনমনা ৪। হোমরাচোমরা ৬। আজ নয় কাল ৮। বলভরসা ৯। কুহেলিকা ১১। হার্দিক

অন্তঃসত্ত্বাকে নির্যাতনে ধৃত ৩

নিজস্ব সংবাদদাতা, হাওড়া: সাত মাসের অন্তঃসত্ত্বা গৃহবধূকে শারীরিক নির্যাতনের অভিযোগে স্বামী সহ তিনজনকে গ্রেফতার করল পুলিশ। ধৃতদের নাম স্বামী টোটন সাউ, শ্বশুর খোকন সাউ ও শাশুড়ি সাবিত্রী দেবী। ঘটনাটি ঘটেছে হাওড়ার লিলুয়ার পেয়ারাবাগানে তেতুঁল তলায়। স্থানীয় সূত্র মারফত জানা গেছে, বছর চারেক আগে টোটন সাউয়ের সঙ্গে বিয়ে হয়েছিল মেদিনীপুর নিবাসী মাধবীর। আড়াই বছরের এক কন্যা সন্তান রয়েছে তাঁদের।

বিয়ের পর থেকেই স্বামী, শ্বশুর ও শাশুড়ি তার উপর অত্যাচার করত বলে মাধবীর বাপের বাড়ির অভিযোগ। স্থানীয়রা জানিয়েছেন এর আগে টোটনের তিনটি বিয়ে হয়েছিল। ৬ মাস আগে মাধবী পার্টি অফিসে গিয়ে শ্বশুর বাড়ির অত্যাচারের কথা জানিয়েছিল। পার্টি অফিসের লোকজন মাধবীর শ্বশুর বাড়ির লোকজনকে বোঝায়, কিন্তু দিন পনেরো আগে আবার অত্যাচার বেড়ে যায়।

বৃহস্পতিবার সকালে ওই গৃহবধূ বাড়ির বাইরে বেরিয়ে এসে চেঁচাতে থাকে। স্থানীয়রা দেখে তার গায়ে আঘাতের চিহ্ন। মেয়েটি সাত মাসের অন্তঃসত্ত্বা। স্থানীয়রা লিলুয়া থানায় খবর দিলে পুলিশ অভিযুক্ত তিনজনকে গ্রেফতার করে।

ভাগ্যলিপি

মেষ

আজ আপনাকে সাহায্যের হাত বাড়িয়ে দেবেন বন্ধুরা।

বৃষ

আজ শিক্ষাক্ষেত্রের সঙ্গে যুক্ত ব্যক্তিরা সফল হবে।

মিথুন

খরচ বৃদ্ধি পাবে। যে সমস্ত প্রকল্পগুলিতে জটিলতা ছিল সেগুলি কাটিয়ে ওঠা সম্ভব হবে।

কর্কট

সঠিক পথে এগোনোর চেষ্টা করুন। না হলে সমস্যায় পড়তে হবে। আপনার কাজে অনেকেই সন্তুষ্ট না হতে পারে।

সিংহ

কর্মস্থলে কাজের চাপ বৃদ্ধি পাবে। ব্যবসায়ে সম্পর্কের উন্নতি ঘটবে।

কন্যা

ধর্মীয় ক্ষেত্রে খরচ বৃদ্ধি পাবে। আপনার লক্ষ্যে এগিয়ে চলতে গিয়ে সাফল্য পাবেন আরও বেশি করে। আবেগতাড়িত না হয়ে যুক্তি দিয়ে সবকিছু কে বোঝানোর চেষ্টা করুন।

তুলা

গণেশ বলছেন, কর্মস্থলে সমস্যার বৃদ্ধি পাবে। ব্যবসায়ীদের ক্ষেত্রে দিনটি শুভ।

বৃশ্চিক

সম্পর্কের উন্নতি ঘটবে। দাবিকারীদের কাছ থেকে আপনি শিক্ষা গ্রহণ করতে পারেন।

ধনু

একটা ভাল দিন অপেক্ষা করছে আপনার জন্য।

মকর

আজকের দিনটা আপনার জন্য মোটেই শুভ নয়।

কুম্ভ

সকালের দিকটা ব্যর্থতার মধ্যে কাটবে। পরিকল্পনা রূপায়িত হবে সন্ধ্যার দিকে।

মীন

মহিলারা লাভবান হবেন।

বিভ্রান্তি

এই পত্রিকায় প্রকাশিত কোনও বিজ্ঞাপন ও তার বিষয়ে কোনও দায়িত্ব আমরা স্বীকার করি না এবং আমাদের ওপর বর্তায় না।
–সম্পাদক

প্রত্যাখ্যাত হয়ে মধ্যমগ্রামে প্রেমিকের হাতে আক্রান্ত প্রেমিকা

নিজস্ব সংবাদদাতা,মধ্যমগ্রাম : প্রেমে প্রত্যাখ্যাত হয়ে প্রেমিকের হাতে আক্রান্ত হল প্রেমিক। গুরুতর জখম অবস্থায় ওই প্রেমিকা তথা একাদশ শ্রেণির ছাত্রী রুবিনা খাতুনকে (১৬) বারাসত হাসপাতালে ভর্তি করা হয়েছে। ঘটনাটি ঘটেছে উত্তর ২৪ পরগনা জেলার মধ্যমগ্রামের কোড়া চন্ডীগড় বিশ্বাসপাড়া এলাকায়। এই ঘটনায় প্রেমিক সহিরুল মণ্ডলকে গ্রেফতার করেছে মধ্যমগ্রাম থানার পুলিশ। স্থানীয় সূত্রে জানা যায়, ইদ উপলক্ষে কোড়ার বিশ্বাসপাড়ার জামাইবাবুর বাড়িতে বেড়াতে এসে আক্রান্ত হয় প্রেমিকা। ঘটনার জেরে এলাকায় তীব্র চাঞ্চল্য ছড়িয়ে পড়েছে।

এলাকায় মোতায়েন করা হয়েছে পুলিশ। জানা গেছে, মধ্যমগ্রাম পশ্চিম ইচ্ছাপুরের বাসিন্দা আব্দুল মণ্ডলের ছোট মেয়ে রুবিনা খাতুন। হৃদয়পুর প্রণবানন্দ স্কুলের একাদশ শ্রেণির ছাত্রী সে। বছর দু'য়েক ধরে রুবিনার সঙ্গে প্রেমের সম্পর্ক ছিল সহিরুল মণ্ডলের। রুবিনার বাবা আব্দুল মণ্ডল জানান, সহিরুলের সঙ্গে মেয়ের প্রেমের সম্পর্ক থাকলেও আমাদের মত না থাকায় দুইজনের মধ্যে এই সম্পর্কে ছেদ ঘটে। কারণ, ওই ছেলেটি নানা অসামাজিক কাজকর্মে যুক্ত ছিল বলে আমরা জানতে পারি। ফলে বাড়ির অমতের কারণে রুবিনাও সহিরুলের সঙ্গে কোনও সম্পর্ক রাখত না। তবুও সহিরুল মাঝে মধ্যে রুবিনাকে উত্যক্ত করত বলে অভিযোগ।

রুবিনার জামাইবাবু মহসিন আলি মণ্ডল জানান, আমার শ্যালিকা আগে উদয়রাজপুর স্কুলে পড়ত। কিন্তু স্কুলে যাতায়াতের পথে সহিরুল তাকে উত্যক্ত করত বলে রুবিনাকে আমার বাড়ির সামনে স্কুলে ভর্তি করাই। সম্প্রতি ইদের অনুষ্ঠান উপলক্ষে রুবিনা গত বুধবার বেড়াতে আসে তার দিদি- জামাইবাবুর বাড়িতে। মহসিন মণ্ডলের বাড়ির সামনে ইদ উপলক্ষে জলসা বসে। সেই জলসা দেখতে বাড়ি থেকে এক বান্ধবীকে নিয়ে সাইকেলে করে বুধবার সন্ধ্যায় আসে রুবিনা। এরপর জলসা শেষে জামাইবাবুর বাড়ি ফেরার পথে রাত দশটা নাগাদ পথের মধ্যে রুবিনাকে ধারালো অস্ত্র দিয়ে আক্রমণ করে সহিরুল। অভিযোগ, ধারালো অস্ত্র দিয়ে সহিরুল রুবিনার মুখে, কোমরে, হাতে-পায়ে আচমকা কোপাতে শুরু করে। স্থানীয় বাসিন্দারা জানান, সহিরুলের সঙ্গে আরও চার যুবক ছিল। রুবিনার জামাইবাবুর বাড়ির অদূরে এই ঘটনা ঘটে। ঘটনার সময় রুবিনার চিৎকারে পাড়া প্রতিবেশীরা দৌড়ে আসেন। তারা এসে সহিরুলকে ধাওয়া করে ধরে ফেললেও বাকিরা পালিয়ে যায়। এরপর রুবিনাকে আশঙ্কাজনক অবস্থায় বারাসত হাসপাতালে পাঠানো হয়। এলাকার লোকজন সহিরুলকে স্থানীয় একটি বাড়িতে আটকে রেখে মধ্যমগ্রাম থানায় খবর দেয়। পরে পুলিশ এলে রুবিনার পরিবারের অভিযোগের ভিত্তিতে সহিরুলকে গ্রেফতার করে।

নিজের মেয়েকে ধর্ষণের অভিযোগ, আটক বাবা

নিজস্ব সংবাদদাতা,কাকদ্বীপ : নিজের মেয়েকে ধর্ষণের অভিযোগ উঠল জয়নগর থানার রূপনগর গ্রামের মোজাফ্ফর গাজির বিরুদ্ধে। ভয় দেখিয়ে দিনের পর দিন নিজের মেয়েকে ধর্ষণ করেছে। এরপর মেয়ে গর্ভবতী হয়ে পড়ে তখন তড়িঘড়ি এক যুবকের সঙ্গে বিয়ে দিয়ে দেয়। তিন মাস পর ওই যুবক যখন জানতে পারে তার স্ত্রী অন্তঃসত্ত্বা তখন যুবকটি মেয়েকে শ্বশুরবাড়ি দিতে আসে।

শ্বশুর ও জামাইয়ের মধ্যে তুমুল ঝগড়া বাধে। পাশাপাশি লোকজন গণ্ডগোল থামাতে এলে মেয়েটি সব কথা জানান। এরপর গ্রামবাসী উত্তেজিত হয়ে মুজাফ্ফরকে আটকে রেখে জয়নগর থানায় খবর দেয়। এই ফাঁকে মুজাফ্ফরের বৌমা অভিযোগ জানায় শ্বশুরের বিরুদ্ধে। পুলিশ অভিযুক্তকে জিজ্ঞাসাবাদের জন্য জয়নগর থানায় নিয়ে গেছে। এই ঘটনায় এলাকায় চাঞ্চল্য।

হাবড়ায় এক ছাত্রকে মারার প্রতিবাদে প্রধান শিক্ষককে ঘিরে বিক্ষোভ

নিজস্ব সংবাদদাতা,হাবড়া : এক ছাত্রকে মারধর করার অভিযোগে স্কুলের প্রধান শিক্ষককে ঘরে তালা দিয়ে বিক্ষোভ দেখালেন গ্রামবাসীরা। ঘটনাটি ঘটেছে উত্তর ২৪ পরগনা জেলার হাবড়ার বেড়গুম হাইস্কুলে। স্থানীয় সূত্রে জানা যায়, বুধবার দুপুরে স্কুলের ক্লাস চলাকালীন সময়ে পঞ্চম শ্রেণির ছাত্র সুরেন্দ্রনাথ হালদার তার এক বন্ধুর সঙ্গে গল্প করছিল। সেই সময় অভিযোগ, ওই স্কুলের প্রধান শিক্ষক দিবাকর মল্লিক গিয়ে সুরেন্দ্রনাথের কানে সপাটে একটা চড় মারেন। এরপর স্কুল শেষে সুরেন্দ্রনাথ বাড়িতে যাওয়ার পর তার কানে যন্ত্রণা শুরু হয়। সঙ্গে সঙ্গে তাকে নিয়ে আসা হয় হাবড়া হাসপাতালে। সুরেন্দ্রনাথের বাবা দীপ নারায়ণ হালদারের অভিযোগ কানে যন্ত্রণার সঙ্গে সঙ্গে বমি করতে শুরু করে সুরেন্দ্রনাথ। এরপর হাবড়া হাসপাতালে চিকিৎসকরা তাকে সিটিস্ক্যান করার জন্য বারাসত হাসপাতালে পাঠিয়ে দেন। ছাত্রের পরিবারের লোকজনের অভিযোগ, সুরেন্দ্রনাথের চিকিৎসার জন্য তার বাবা ব্যস্ত থাকায় এখনও বিষয়টি নিয়ে থানায় অভিযোগ করতে পারেননি। এদিকে এই ঘটনার কথা জানাজানি হতেই বৃহস্পতিবার সকালে ওই স্কুলের অন্যান্য অভিভাবকরা ও সুরেন্দ্রনাথের প্রতিবেশীরা বেড়গুম হাইস্কুলে এসে বিক্ষোভ দেখাতে থাকেন। তারা প্রধানশিক্ষককে ধাক্কা দিয়ে তার রুমে নিয়ে এসে বাইরে থেকে ঘরে তালা বন্ধ করে দেন বলেও অভিযোগ।

নদিয়ার কৃষ্ণনগরে জিএসটির প্রতিবাদে সভা, আজ ব্যবসা বন্ধের ডাক

নিজস্ব সংবাদদাতা,নদিয়া : বৃহস্পতিবার নদিয়া জেলা ডিস্ট্রিক্ট চেম্বার অফ কমার্স দেশে জিএসটি চালু নিয়ে প্রতিবাদে সরব হল এবং আজ বন্ধ ডাকল। এদিন নদিয়ার কৃষ্ণনগরে পোস্ট অফিস মোড়ে এক প্রতিবাদ সভার আয়োজন করেছিল ব্যবসায়ী সমিতি।

ব্যবসায়ীদের অভিযোগ যে, রাজ্য কেন্দ্রীয় সরকারকে সমস্যার কথা জানালেও, তারা কর্ণপাত করেনি। সঠিক পরিকাঠামো তৈরি না করেই সার্ভিস ট্যাক্স চালু করেছে। তারা এই জিএসটি মানবে না। আগামীদিনে বৃহৎ আন্দোলন গড়ে তুলবেন। আজ কৃষ্ণনগরে ব্যবসায়ী বন্ধ।

কুমিরের কামড়ে গুরুতর জখম এক

নিজস্ব সংবাদদাতা,কাকদ্বীপ : আজ সকালবেলা পাথরপ্রতিমা থানার ক্ষেত্রমোহনপুরের বাসিন্দা শেখ জামশেদ সহ অন্যান্যরা নদীতে মাছ ধরছিল। সেই সময় হঠাৎই একটা কুমির জামশেদের পায়ে কামড় দিয়ে টেনে নিয়ে যাওয়ার চেষ্টা করে। পাশে থাকা অন্য লোকেরা বাঁশ, লাঠি দিয়ে কুমিরকে সজোরে আঘাত করতে থাকে। কুমিরটি জামশেদকে ছেড়ে দিয়ে জলে ডুবে যায়। এরপর মাছ ধরার নৌকা করে জামশেদকে পাথরপ্রতিমা হাসপাতালে ভর্তি করা হয়। জামশেদের একটি পা কুমিরের কামড়ে বেশ জখম হয়েছে।

ধুলাগড়ে প্লাস্টিকের কারখানায় ভয়াবহ আগুন

নিজস্ব সংবাদদাতা, হাওড়া: হাওড়ার সাঁকরাইলের ধুলাগড়ে প্লাস্টিকের কারখানায় ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনায় এলাকায় চাঞ্চল্য ছড়াল। বৃহস্পতিবার ভোর রাতে ঘটনাটি ঘটে হাওড়ার ধুলাগড় ইন্ডাস্ট্রিয়াল পার্কে। জানা গেছে, ওই প্লাস্টিকের কারখানাটিতে চেয়ার, টেবিল তৈরি হত। আগুন ধরার ফলে দমকলের ১৪টি ইঞ্জিন ঘটনাস্থলে যায়। জল ফুরিয়ে যেতে দমকল আশেপাশের কারখানা থেকে জল নেয়। পুরো কারখানাটি পুড়ে ভস্মীভূত হয়ে যায়। কারখানার একটি লরি দাঁড়িয়ে ছিল, সেটাও পুড়ে ভস্মীভূত হয়ে যায়। এই অগ্নিকাণ্ডে কেউ হতাহত হয়নি। ক্ষতির পরিমাণও জানা যায়নি। মেশিনে শর্টসার্কিট থেকেই এই আগুন লেগেছে বলে দমকলের প্রাথমিক অনুমান দমকল সূত্রের খবর, ওই কারখানায় অগ্নিনির্বাপক ভাল ছিল না। তাই কারখানা কর্তৃপক্ষের বিরুদ্ধে অভিযোগ দায়ের করেছে দমকল।

এবার দেগঙ্গা থেকে গ্রেফতার এক ভুয়ো চিকিৎসক

নিজস্ব সংবাদদাতা,দেগঙ্গা : নির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে বুধবার রাতে দেগঙ্গা এলাকা থেকে ভুয়ো চিকিৎসকের ক্লিনিকে হানা দিয়ে তাকে গ্রেফতার করল দেগঙ্গা থানার পুলিশ। রেজিস্ট্রেশন নম্বর ও প্রয়োজনীয় কাগজপত্র দেখাতে না পারায় ওই চিকিৎসককে গ্রেফতার করা হয়। ধৃত ওই ভুয়ো চিকিৎসকের নাম গোবিন্দ সরকার। পুলিশ সূত্রে জানা যায়, উত্তর ২৪ পরগনা জেলার দেগঙ্গা থানার বেড়াচাঁপার চন্দ্রকেতুগড়ের কাছে রয়েছে সরকার ক্লিনিক। ওই ক্লিনিকেই গত ১০ থেকে ১২ বছর ধরে রোগী দেখতেন গোবিন্দ সরকার।

তিনি নিজেকে এমবিবিএস ডাক্তার বলে জাহির করতেন এলাকায়। সরকার ক্লিনিকের সাইনবোর্ডে জেনারেল ফিজিশিয়ন বলে উল্লেখ রয়েছে। উত্তর ২৪ পরগনা জেলা পুলিশের কাছে গত কয়েকদিন আগে গোবিন্দ সরকারের বিরুদ্ধে অভিযোগ আসে। এরপরই তদন্তের নির্দেশ দেওয়া হয় দেগঙ্গা থানাকে। সেই মতো বুধবার সন্ধ্যায় পুলিশ গিয়ে গোবিন্দ সরকারের ক্লিনিক দেখে আসে। এরপর রাতে সরকার ক্লিনিকে গিয়ে হানা দেয় পুলিশ। পুলিশ কর্মীরা ক্লিনিকে ঢুকে চিকিৎসককে জেরা করতে শুরু করে। পুলিশি জেরায় এক সময় ভেঙে পড়েন গোবিন্দ সরকার। তিনি স্বীকার করে নেন উচ্চমাধ্যমিক পাশ তিনি। তার ডাক্তারির কোনও রেজিস্ট্রেশন নম্বর এদিন দেখাতে পারেননি তিনি। পুলিশ সূত্রে জানা যায়, জেরায় গোবিন্দ সরকার জানিয়েছেন, তিনি বসিরহাটের এক ব্যক্তির কাছ থেকে ১০ হাজার টাকার বিনিময়ে ইউনানি চিকিৎসার একটি সার্টিফিকেট নিয়েছেন। কিন্তু পুলিশের কাছে সেই সার্টিফিকেটও দেখাতে পারেননি তিনি। এরপরই পুলিশ তাকে গ্রেফতার করে। বৃহস্পতিবার ধৃত গোবিন্দ সরকারকে বারাসত আদালতে তোলা হলে বিচারক তার চার দিনের পুলিশি হেফাজতের নির্দেশ দেন।

ফেসবুকে হুমকি, হাবড়ায় গ্রেফতার যুবক

নিজস্ব সংবাদদাতা,হাবড়া : উত্তর ২৪ পরগনা জেলার হাবড়ার কুমড়ো কাশীপুর গ্রাম পঞ্চায়েতের নবপল্লী এলাকায় এক যুবকের ফেসবুকে কুরুচিকর মন্তব্য ও গালিগালাজ এবং তার মাকে ধর্ষণের হুমকি দেওয়ার অপরাধে গ্রেফতার করা হল এক যুবককে। ধৃতের নাম সুজয় চৌধুরী। অভিযোগ, চলতি মাসের ১৮ তারিখ হাবড়ার কাশীপুর এলাকার বাসিন্দা শান্তনু বিশ্বাস নামে এক যুবকের ফেসবুকে ওই হুমকি দেয় অভিযুক্ত সুজয় চৌধুরী। এরপরই ২০ তারিখ হাবড়া থানায় বিষয়টি জানিয়ে অভিযোগ করে শান্তনু বিশ্বাস। সেই অভিযোগের পর থেকেই এলাকাছাড়া ছিল সুজয় চৌধুরী। বুধবার রাতে হাবড়া থানার পুলিশ গোপন সূত্রে জানতে পারে সুজয় চৌধুরী তার নবপল্লি এলাকার বাড়িতে এসেছে। সেই মতো পুলিশ অভিযুক্ত সুজয় চৌধুরীকে গ্রেফতার করে। পুলিশের প্রাথমিক অনুমান, দুই যুবকের মধ্যে কোনও শত্রুতা থেকেই এই ধরনের হুমকি ফেসবুকে দেওয়া হয়েছে।

জিএসটি চালুর প্রতিবাদে আন্দোলন হাওড়ায়

নিজস্ব সংবাদদাতা, হাওড়া: জিএসটি চালুর প্রতিবাদে আন্দোলনে নামলেন হাওড়ার বাঁকড়ার ব্যবসায়ীরা। বন্ধ এখানকার ২৬টি মার্কেট। পাইকারি ও খুচরো মিলিয়ে প্রায় ২ হাজার ব্যবসায়ী আন্দোলনে শামিল হয়েছেন। বুধ ও বৃহস্পতিবার বাঁকড়ার ব্যবসায়ীরা এই বন্ধ পালন করেছেন। এর প্রভাব পড়েছে অন্যান্য জায়গাতেও।

কারণ এখানকার পোশাক যায় মঙ্গলাহাট ও মেটিয়াবুরুজ সহ বিভিন্ন জায়গায়। ব্যবসায়ীরা জানান, জিএসটি চালু হলে তারা আর্থিক ক্ষতির মুখে পড়বেন।

আগামী ৩০ তারিখ দিল্লিতে শামিল হবেন চেম্বার অফ টেক্সটাইল অ্যাসোসিয়েশন।

CHANGE OF NAME

I, SANCHITA NANDI (NEW NAME), PREVIOUSLY CALLED SANCHITA SAMRAT NANDI (OLD NAME), WIFE OF SAMRAT NANDI, DOING-HOUSEWIFE, RESIDING AT 6/2D, NAKTALA ROAD, TOLLYGUNGE, P.O. NAKTALA, KOLKATA-700047, W.B. HEREBY SOLEMNLY DECLARE THAT I WILL BE KNOWN / PRONOUNCED AS "SANCHITA NANDI" (NEW NAME), WITH IMMEDIATE EFFECT IN ALL THE GOVERNMENT / PRIVATE DOCUMENTS VIDE AFFIDAVIT SWORN IN BEFORE CMM'S COURT, BANKSHALL COURT, KOLKATA ON 29.06.2017

CHANGE OF NAME

I, SANCHITA NANDI, RESIDING AT 6/2D, NAKTALA ROAD, TOLLYGUNGE, P.O. NAKTALA, KOLKATA-700047, W.B. ON BEHALF OF MY MINOR DAUGHTER, PRESENT NAME IS "SIONA NANDI" (NEW NAME), SOLEMNLY DECLARE THAT MY MINOR DAUGHTER PREVIOUSLY CALLED AS SIONA (OLD NAME) WILL BE KNOWN / PRONOUNCED AS "SIONA NANDI" (NEW NAME), WITH IMMEDIATE EFFECT IN ALL THE GOVERNMENT / PRIVATE DOCUMENTS VIDE AFFIDAVIT SWORN IN BEFORE CMM'S COURT, BANKSHALL COURT, KOLKATA ON 29.06.2017

CHANGE OF NAME

I, MUKTA PAUL BOSE (NEW NAME), PREVIOUSLY CALLED MUKTA PAUL (OLD NAME), WIFE OF MAHIMMAY PAUL, DOING-HOUSEWIFE, RESIDING AT 3/24, RABINDRA NAGAR, FLAT-6, MAHENDRA BANERJEE ROAD, P.S. PARNASREE, P.O. RABINDRA NAGAR, KOLKATA-700060, W.B. HEREBY SOLEMNLY DECLARE THAT I WILL BE KNOWN / PRONOUNCED AS "MUKTA PAUL BOSE" (NEW NAME), WITH IMMEDIATE EFFECT IN ALL THE GOVERNMENT / PRIVATE DOCUMENTS VIDE AFFIDAVIT SWORN IN BEFORE CMM'S COURT, BANKSHALL COURT, KOLKATA ON 29.06.2017

Change of Name

I, Zahiruddin Zamadar, R/o Balarampur,PO-Maheshtala, PS-Budge zbudge, 24 Pgs(S), Kolkata-700 141, Solemnly Declare that my mother **JYOTSNARA BEGAM** alias **JYOTSNA ZAMADAR** Shall henceforth be known as **JYOTSNA BEGAM** vide an affidavit sworn before the notary public at Kolkata on-28/06/2017.